CENTRAL WOMEN'S UNIVERSITY

CWU Newsletter

বাইরে গেলে মাস্ক পরি, ঘরে থাকলে বই পড়ি

POWER TO WOMEN

Issue 9, Summer 2021

আয়োজন ●

ওয়েবিনারগুলো দীপ্ত টেলিভিশনের সহায়তায় সরাসরি সম্প্রচার করা হয় এই টিভি ও বিশ্ববিদ্যালয়ের ফেসবুক নীড়পাতায়

মাতৃভাষার বিকাশে চর্চা জরুরি

নিউজলেটার ডেস্ক ●

মাতৃভাষার বিকাশের জন্য এর চর্চা করা, গবেষণা করে বই লেখা এবং অনুবাদ করা দরকার। এ বিষয়ে পাঠ্যবই, সহায়ক বা রেফারেন্স বই লেখা দরকার। সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি আয়োজিত এক ওয়েবিনারে এসব কথা বলেন ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ওই ওয়েবিনারের আয়োজন করে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি। 'মাতৃভাষা ও শিক্ষা, বাংলাদেশে' শীর্ষক ওই ওয়েবিনারে একক আলোচক হিসেবে ছিলেন সিরাজুল ইসলাম চৌধুরী। সভাপ্রধান ছিলেন সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির উপাচার্য ড. পারভীন হাসান।

সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, বাংলা ভাষা অন্য অনেকগুলো ভাষা থেকে সম্পদ নিয়ে সমৃদ্ধ হয়েছে। ইংরেজি ভাষাও তাই। আমরা বিভিন্ন ভাষা ও সাহিত্য থেকে নিজেদের সমৃদ্ধ করব। ইংরেজি ভাষা একটি বাতায়নের মতো; পৃথিবীর

ওয়েবিনারে সিরাজুল ইসলাম চৌধুরী

অনেক ভাষার জ্ঞান তারা ইংরেজিতে নিয়ে এসেছে। তাই আমাদের ইংরেজিও শিখতে হবে।

অধ্যাপক পারভীন হাসান বলেন, ভাষার ব্যবহারে আমাদের আরও সতর্ক হতে হবে। সাহিত্যচর্চা করতে হবে। নিজের ভাষাসহ অন্য আরও ভাষা শেখাও দরকার। তবে যে ভাষাই শিখি, তার চর্চা শুদ্ধ হতে হবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ, বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষক জায়েদ উল এহসান। ৯৩



ওয়েবিনারে কথা বলছেন কবিকন্যা সুলতানা কামাল

'কবিতা লিখে মন জয় করেন সুফিয়া কামাল'

নিউজলেটার ডেস্ক ●

সুফিয়া কামাল কবিতার মধ্য দিয়ে অসংখ্য মানুষের মনে জায়গা করে নিয়েছিলেন। রবীন্দ্র-নজরুল ধারার উত্তরসূরি ছিলেন তিনি। সুফিয়া কামাল সামগ্রিকভাবে চেয়েছিলেন নারীমুক্তি, সমাজের মুক্তি, মানবের মুক্তি। তাঁর মধ্যে ছিল স্নিগ্ধতার এবং সংগ্রামশীলতার মিশ্রণ যা বর্তমানে খুঁজে পাওয়া দুর্লভ।

কবির ১১০তম জন্মবার্ষিকী উপলক্ষে ২০ জুন ২০২১ আয়োজিত এক ওয়েবিনারে এ কথা বলেন লেখক ও প্রকাশক মফিদুল হক। সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির কালচারাল ক্লাব এ ওয়েবিনারের আয়োজন করে। এতে আলোচক হিসেবে আরও ছিলেন কবি সুফিয়া কামালের কন্যা ও মানবাধিকারকর্মী সুলতানা কামাল। উপস্থিত ছিলেন সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. পারভীন হাসান ও রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ।

সুলতানা কামাল বলেন, 'মুসলিম বনেদি পরিবারে জন্ম নেওয়ার পরও মাত্র ১২ বছর বয়সে পত্রিকায় তাঁর লেখা ছাপা হয়।' তিনি বলেন, 'জীবনের শেষ দিন পর্যন্ত তিনি মানুষের দায়বদ্ধতা থেকে সরে দাঁড়াননি।'

উপাচার্য পারভীন হাসান বলেন, 'সুফিয়া কামালের মতো একজন কবি এখন খুব দরকার, যিনি অন্যায়ের বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়বেন, নির্দ্বিধায়।' ৯৩

Inside

Webinars: P2, P5, P7 ● Message from VC and Registrar: P3
Publications: P6 ● Contests: P2, P4 ● Achievements: P2, P5

Webinars

Bangabandhu's Life and Work

Newsletter Desk

The English Club of CWU hosted a webinar titled "Bangabandhu's Life and Work" on August 31, 2020. Veteran journalist and writer, Mr. Syed Badrul Ahsan was the Chief Guest of the program. Mr. Kazi Zahedul Hasan, Chairman BoT, Mr. Abdus Selim, Associate Professor & Chairperson, Department of English Language and Literature (ELL), and Mr. Elias Ahmed, Registrar, CWU also spoke at the occasion. The Vice-Chancellor, Dr. Perween Hasan gave her concluding remarks. Selected parts of the play titled *Shotoborshi Sommilon*, jointly written by Abdus Selim and Jayed Ul Ehsan were enacted in the program by Ms. Nusrat Mouri and Mr. Jayed Ul Ehsan. This program was moderated by Mr. Asif Nawaz, Senior Lecturer, Dept. of ELL.

Impact of Covid-19 on Business

Newsletter Desk

Business Club of CWU held a webinar titled 'Impact of Covid-19 on Business' on November 7, 2020. Dr. Rubana Haq, President BGMEA; Mahfuz Anam, Publisher and Editor, The Daily Star, and Rupali Chowdhury, Managing Director of Berger Paints Bangladesh Ltd. spoke at the webinar presided over by Dr. Perween Hasan, Vice-Chancellor of the university.

Mr. Elias Ahmed, Registrar of the university, Mr. Hasan Shirazi, Chairperson of the Dept. of Business Administration, and Ms. Mehdina Kabir Tamanna, Moderator of the Business Club were also present there. The webinar was conducted by Amreta Biswas, a Lecturer of the same department.

Business Day 2020

Newsletter Desk

Business Club of CWU celebrated its annual program 'Business Day-2020' virtually on November 5, 2020. It was inaugurated by the Vice-Chancellor Dr. Perween Hasan and Registrar Mr. Elias Ahmed.

This program was divided into two sessions. The first session started with the theme "Don't Hide, Speak Out!" that included experience sharing about the pandemic, presenting documentaries, and some performances to create awareness against harassment. Then the cultural and gaming session were held with participation of current students and alumni. It was hosted by Ishrat Kabir Mithila and Ayesha Siddiqa Borsha, students of the same department.

কৃতী শিক্ষার্থী : ছবির কবি

Drawing

This drawing was selected for display in a virtual art gallery

Jannatunnesa Namro has been awarded a crest and a certificate for participating in a drawing competition. Organizer of the competition was a Facebook page named *'Khude Protivar Rajje'*.

আলোকচিত্র

রাজধানী ঢাকার শাপলা চত্বরে সেলফি তুলছেন এক রিকশাচালক

ইয়ুথ বাংলা আয়োজিত মোবাইল ফটোগ্রাফি প্রতিযোগিতায় ছবি তুলে বিজয়ী হয়েছেন জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের শিক্ষার্থী **সানজিদা বিনতে রশিদ**। জমা পড়া ১৫০০ ছবির মধ্যে তার ছবি প্রথম পুরস্কার পায়।

Open Letter from the Vice-Chancellor

Soon There Will Be A Dawn Of New Hope

Dr. Perween Hasan

Dear Students,

The last sixteen months have been very trying for all of us; we have never encountered anything like this before, and we hope and pray that it will be over soon.

All these months we have been confined to our homes, and missed doing all the normal fun things we used to do. You could not come to the university, meet friends, visit relatives, travel, go shopping, eat in restaurants, celebrate our festivals and holidays the way we always have, and we all wish that we could return to the good old days again.

To cope with this extraordinary situation we all had to adjust to a new reality.

All of you had to learn to take classes, exams and make presentations virtually instead of facing your teacher in a classroom. You could not just drop in for a consultation with your teacher during office hours; a telephonic conversation had to suffice. We thank our teachers who were ready to help whenever the students sought help. Teachers and the administrative staff including myself had to get used to meeting on Zoom, a name many of us had never heard of before.

All of you have done marvelously well at taking to learning through this new technology, and you all deserve a good round of applause.

The pandemic has forced us to stay at home and do things we had overlooked or taken for granted before. For example, spend more quality time with our families.

You must have realized how much your parents do for you every day, and have helped to make things a little easier for them. Many of you have younger siblings who are out of school and bored. I am sure that you have helped them be in touch with books.

Elderly grandparents are at special risk, so do give them the extra time and care they crave for. I know many of you have had to cope with the virus yourselves and in your own families; I admire your faith and courage. I have heard that many of you have developed new skills, taken advantage of the 'on-line' situation and have become budding entrepreneurs. Good luck to all of you.

They say that the night is darkest before dawn. Let us hope that we are in that darkest period right now, and soon there will be a dawn of new hope. But to get there we have the responsibility of biding by the health rules: masking up, social distancing and washing hands frequently. This university has great faith in you, and together we shall overcome.

Stay safe and well.

রেজিস্ট্রারের পরামর্শ

মনোবল না হারাই নিরাশ না হই

ইলিয়াস আহমেদ

বর্তমানে আমরা এক দুঃসময় পার করছি। শুধু আমরা কেন, পুরো বিশ্বই কোভিড অতিমারির এ ভয়াবহতা মোকাবেলা করছে। মানুষ আজ আতঙ্কগ্রস্ত, স্বাভাবিক অর্থনৈতিক ও সামাজিক জীবন বিপর্যস্ত।

এক বছরেরও অধিককাল আমাদের বিশ্ববিদ্যালয়সহ দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়, শিক্ষা প্রতিষ্ঠান এক অর্থে বন্ধ। নিশ্চিত করে বলা যায় না কবে বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান খুলবে। এর মধ্যে আমাদের বিশ্ববিদ্যালয় বিদ্যমান প্রযুক্তির কল্যাণে অনলাইনে শিক্ষা কার্যক্রম চালু রেখেছে। আমাদের লক্ষ্য শুধু শিক্ষার্থীদের পাঠদান ও তার মূল্যায়নেই সীমাবদ্ধ নয়। আমাদের মূল লক্ষ্য, কোনোভাবেই যেন শিক্ষার্থীদের জীবন থেকে একটি মূল্যবান বছর হারিয়ে না যায়, তা নিশ্চিত করা। সে লক্ষ্যে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি এবং এ সবকিছুই সম্ভব হচ্ছে শিক্ষক-শিক্ষার্থীদের ঐকান্তিক ইচ্ছা, প্রচেষ্টা ও সহযোগিতার কারণে।

আমরা আশাবাদী, নিকট ভবিষ্যতে অতিমারির এ সংকট থেকে আমরা মুক্ত হবো এবং আমাদের স্বাভাবিক জীবনযাত্রায় ফিরে আসব। আবারও আমাদের প্রিয় ক্যাম্পাস আমাদের সবার উপস্থিতিতে আগের মতো প্রাণচঞ্চল হয়ে উঠবে।

যতদিন আমরা এই স্বাভাবিক জীবনযাত্রায় প্রত্যাবর্তন না করছি ততদিন আমরা যেন আমাদের মনোবল না হারাই, নিরাশ না হই, স্বাস্থ্যবিধি যথাযথভাবে পালন করি, ভিড়-জনসমাবেশ এড়িয়ে চলি এবং অভাবিত এ দুঃসময় সাহসের সঙ্গে মোকাবিলা করে সুদিনের দিকে এগিয়ে যাই।

নিশ্চয়ই এ দুর্দিনের পর আলোকোজ্জ্বল ঝলমলে দিন আমাদের জন্য অপেক্ষা করছে।

Contests • CSE

On the occasion of Victory Day, the CSE Department organized an online science quiz contest on December 16, 2020. Students from classes IX to XII (including Higher Secondary 2020) across the country took part in the competition.

Sanjida Islam
Urban School and College

Umme Taslima Alo
Kamrunnesa Govt. Girls High School

Jannatul Mawa
Holy Cross College

Mahmuda Khanam from *Alfadanga Government College secured 3rd place*



Munni Akter
Sonargaon Degree College



Sayma Islam
Dania University College

Sharaban Tahura from *Shamsul Haq Khan School and College secured 3rd place*

SGS

A general knowledge quiz contest for Intermediate level female students from the Humanities group was organized on June 14, 2020 by Sociology and Gender Studies department. A total of seven colleges participated. All the participants were awarded with e-certificate and books. Top three winners were awarded with attractive prizes.

ELL

Amina Jahan Abbasi



Ajijia Mujib Nisa

Noshin Taranoom

The English Club of Central Women's University organized an Inter-Department Online Writing Contest with an aim to encourage students to express their ideas beyond their academic boundaries. This event was conducted on April 26, 2021. A panel of five teachers had blind-reviewed the scripts and chosen the final three winners. Amina Jahan Abbasi won the contest. Ajijia Mujib Nisa stood 2nd and Noshin Taranoom secured 3rd place.

CWU Photography Contest 2020

First Place

Life is Like a River
(Our Beautiful Old Dhaka)
by **Jannatul Ferdous**

Second Place

Sky Photography
(Our Beautiful Old Dhaka)
by **Mahima Akter Rim**

Third Place

Real Fighters are Never Lost
(Life in Covid-19 period)
by **Tanjheela Akter Putul**

নারী শিক্ষা প্রসার আন্দোলন ও লীলা নাগ

মালেকা বেগম ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রীদের মধ্যে অন্যতম ছিলেন লীলা নাগ (১৯০০-১৯৭০)। ইংরেজি সাহিত্যে এমএ পরীক্ষা দিয়ে (১৯২৩) তিনি পূর্ববঙ্গে নারী শিক্ষার প্রসার ও প্রচারে গঠনমূলক কাজ শুরু করেন। পাশাপাশি রাজনীতি ও নারী আন্দোলনের কাজে যুক্ত হন।

১৯২৩ থেকে ১৯৪৮ পর্যন্ত পূর্ববঙ্গের রাজনীতি, নারী শিক্ষাকেন্দ্র প্রতিষ্ঠা ও নারীর ভোটাধিকার আন্দোলনে যুক্ত থেকে কারাগারে ১৯৩১-১৯৩৮ সাল পর্যন্ত বন্দি জীবনের যন্ত্রণা-নির্যাতন সহ্য করেন লীলা নাগ। তিনি রাজনৈতিক নিরাপত্তাহীনতায় ও অত্যাচারিত-নির্যাতিত হয়ে ১৯৪৯ সালে পূর্ব পাকিস্তান থেকে পশ্চিমবঙ্গে চলে যেতে যেতে বাধ্য হয়েছিলেন। ঢাকা শহরের নানা এলাকায় দীপালি সংঘের (প্রতিষ্ঠা করেছিলেন ১৯২৬ সালে) নানা শাখা তিনি গড়ে তুলেছিলেন। নারী সমাজকে রাজনৈতিক ইতিহাস পাঠ দেওয়ার জন্য এবং সাহিত্য-দেশপ্রেম চর্চার জন্য পাঠচক্র পরিচালনা করেছেন। মেয়েদের আত্মরক্ষার জন্য শরীরচর্চা, লাঠি খেলা, ছোরা খেলা ইত্যাদি শেখাতে বিপ্লবী পুলিন দাসের নেতৃত্বে তিনি কার্যক্রম শুরু করেন।

অনুপ্রেরণা ●

লীলা নাগ

ছবি ● উইকিমিডিয়া কমন্স

তাঁর শিক্ষাব্রতী সাধনার প্রকাশ ঘটে ৬টি নারী শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠার মধ্যে। সেগুলোর মধ্যে রয়েছে : ১. দীপালি স্কুল (১৯২৩, অভয় দাস লেন), ২. নারী শিক্ষা মন্দির (১৯২৮, টিকাটুলী; পাকিস্তান সময়ে 'শেরে বাংলা বালিকা মহাবিদ্যালয়' নামে পরিবর্তিত), ৩. শিক্ষাভবন (বকশীবাজার), ৪. শিক্ষায়তন (কায়েতটুলী), ৫. নিউ হাই স্কুল (অভয় দাস লেন; দীপালি স্কুলের সহায়তায় প্রতিষ্ঠিত), এবং ৬. বাংলাবাজার বালিকা বিদ্যালয়।

শুধু স্কুল নয়, বয়স্ক শিক্ষা কেন্দ্র, শিল্প শিক্ষা কেন্দ্র, পাঠাগার স্থাপন, ছাত্রী নিবাস প্রতিষ্ঠা, ব্যায়ামাগার, কর্মজীবী মহিলা হোস্টেল, দীপালি ভাণ্ডার, নারী রক্ষা ফান্ড—এসব ছিল লীলা রায়ের কর্মকাণ্ডের নিদর্শন। সে সময়ের দেশের, সমাজের কূপমণ্ডূক অবস্থার কথা ভেবেই লীলা নাগ শিক্ষার দীপ জ্বালিয়ে কিশোরী, তরুণী, বয়স্ক নারীদের অনুপ্রাণিত করতে চেয়েছিলেন। বাংলাদেশে নারী শিক্ষা প্রসার আন্দোলনের অন্যতম পথিকৃৎ হিসেবে তিনি স্মরণীয় হয়ে থাকবেন। ৯০

লেখক : অধ্যাপক ও চেয়ারপারসন, সোশিওলজি অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগ, সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি

▼ লেখকের সাম্প্রতিক প্রকাশনা :

[১] ইলামিত্র : নাচোলের তেভাগা আন্দোলনের নেত্রী। বর্ধিত সংস্করণ ২০২১ (প্রথমা, ঢাকা), প্রথম প্রকাশ : ১৯৮৯।

[২] বাংলাদেশের হিন্দু পারিবারিক আইন ও সংস্কারের দাবিতে নাগরিক আন্দোলন। সাউথ কোলকাতা সোসাইটি ফর এমপাওয়ারমেন্ট অব উইমেন। ৫ জুন ২০২১।

[৩] ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্যতম প্রথম ছাত্রী লীলা নাগ। অন্য আলো (প্রথম আলো), ২ জুলাই ২০২১।

বাংলা উইকিপিডিয়ায় সিডব্লিউইউ শিক্ষক নাজনীন সুলতানার লেখা

নিউজলেটার ডেস্ক ●

আন্তর্জাতিক উইকিমিডিয়া ফাউন্ডেশনের শাখা বাংলাদেশ উইকিমিডিয়া ফাউন্ডেশন এ বছর অমর একুশে উপলক্ষে প্রবন্ধ অনুবাদ ও সম্পাদনার আয়োজন করে। এ উপলক্ষে আয়োজিত এক প্রতিযোগিতায় বাংলাদেশ ও ভারতের মোট ১০১০ জন প্রতিযোগী অংশ নেন। তাদের জমা দেওয়া লেখাগুলো থেকে ৭৫ জন প্রতিযোগীর মোট ১৫৭টি লেখা গৃহীত হয়।

সেখানে শীর্ষ ১০ জনের মধ্যে স্থান পেয়েছেন সোশিওলজি অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের শিক্ষক নাজনীন সুলতানা। তাঁর তিনটি অনুবাদ-প্রবন্ধ ওয়েবসাইটে প্রকাশের জন্যে গৃহীত হয়েছে। ৯০

Webinar ●

Golden Jubilee of Independence Celebrated

Newsletter Desk ●

The Department of English Language and Literature (ELL) hosted a webinar to celebrate the Golden Jubilee of Independence of Bangladesh on March 31, 2021. The Chief Guest of the program was Mr. Kazi Zahedul Hasan, Chairman BoT, CWU. Dr. Maleka Begum, Mr. Abdus Selim, and Mr. Elias Ahmed also shared their views.

A selection of the play titled, *Ebong Promila: Ekush theke Ekattor* was enacted by Nazifa Bashir, Maisha Iqbal Khan, and Jayed Ul Ehsan. The Vice-Chancellor, Dr. Perween Hasan gave her concluding remarks. This program was moderated by Mr. Asif Nawaz. ৯০

Publications ●

Abdus Selim

Jayed Ul Ehsan

▲ *Shotoborshi Sommilon* (*The Centenary Conference*), a play jointly written by **Abdus Selim**, Associate Professor, and Chairperson, and **Jayed Ul Ehsan**, senior Lecturer, Department of English Language and Literature, has been published by Bangladesh Theater Archives.

Tusar Talukder

◀ **Tusar Talukder**, Assistant Professor, Department of English Language and Literature, has published a research article titled "Canto General: Neruda's Quest for Historicity" in Spectrum, a journal of the Department of English, University of Dhaka (Issue 14-15).

▲ Muhibul Haque Bhuyan and **Sher Shermin Azmiri Khan**, "Assessing and Evaluating the Course Outcomes of Electrical Circuit Course for Bachelor of Science in Electrical and Electronic Engineering Program," International Journal of Educational and Pedagogical Sciences, World Academy of Science, Engineering and Technology, Vol:14, No:12, 2020, pp. 1163-1171.

Assistant Prof., CSE

Sher Shermin Azmiri Khan

▲ **Sher Shermin Azmiri Khan**, **Syeda Jannatul Ferdous** and **Sushmita Chakraborty**, "Design and Development of a 3D Printed Myoelectric-Controlled Prosthesis Hand Using sEMG Sensor," International Journal of Biomedical and Biological Engineering, World Academy of Science, Engineering and Technology, Vol:15, No:1, 2021, pp.18-24.

Syeda Jannatul Ferdous

▲ **Ayesha Aziz Prova,** Md. Nazmul Hossain**,** "Identification of Human Facial Images using Visual Descriptors", International Journal of Scientific Research in Science, Engineering and Technology (IJSRSET), Vol. 8, No. 1, 2021, pp. 229-238.

Sushmita Chakraborty

▲ Linta Islam, Syada Tasmia Alvi, Mafizur Rahman, **Ayesha Aziz Prova**, Md. Nazmul Hossain, Jannatul Ferdous Sorna, Mohammed Nasir Uddin "A Blockchain-based Crowdsourced Task Assessment Framework using Smart Contract", (IJACSA) International Journal of Advanced Computer Science and Applications, Vol. 12, No. 1, 2021.

Sr Lecturer, CSE

Ayesha Aziz Prova

শিক্ষার্থীদের অনলাইন পত্রিকা

নিউজলেটার ডেস্ক ●

জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের উদ্যোগে চালু হয়েছে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির নিজস্ব অনলাইন পত্রিকা সিডব্লিউইউনিউজ ডটকম। এ বিভাগের শিক্ষার্থীরা তাত্ত্বিক পড়াশোনার পাশাপাশি এ পত্রিকায় হাতে-কলমে কাজ করে অনলাইন সাংবাদিকতা ও ডিজিটাল প্ল্যাটফর্মে কাজের নানা বিষয়ে দক্ষতা অর্জন করতে পারবেন। এ ছাড়াও বিশ্ববিদ্যালয়ের সব বিভাগের শিক্ষার্থী এখানে লেখালেখি ও কাজের সুযোগ পাবেন। লেখালেখির চর্চাকে উৎসাহিত করার মাধ্যমে শিক্ষার্থীদের মেধা ও সৃজনশীলতা বিকাশে ভূমিকা রাখবে **CWUNews.com**

সিডব্লিউইউনিউজ।

বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের চূড়ান্ত বর্ষের শিক্ষার্থী সাদিয়া আঞ্জুম জেবা এ পত্রিকার ওয়েবসাইট তৈরি করেছেন। এ কাজ তত্ত্বাবধান করেছেন একই বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারপারসন মোছাঃ শাহনাজ পারভীন এবং জ্যেষ্ঠ প্রভাষক আয়েশা আজিজ প্রভা। সিডব্লিউইউনিউজ-এর সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ও চেয়ারপারসন সজীব সরকার। সম্পাদনা সহকারী হিসেবে দায়িত্ব পালন করছেন একই বিভাগের প্রভাষক হাসিনুস সাবাহ ও মাহমুদা কনা। ৯০

Vote of Thanks

Central Women's University thanks **Deepto Television** for technical support in live broadcasting CWU programs

আয়োজন ●

ওয়েবিনারে ড. আমাতুল লায়লা জামান

নারীর মুক্তি ও রোকেয়ার লড়াই

নিউজলেটার ডেস্ক ●

সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির কালচারাল ক্লাবের উদ্যোগে ৯ সেপ্টেম্বর ২০২০ 'রোকেয়ার লড়াই' শীর্ষক এক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। বেগম রোকেয়ার জন্মবার্ষিকী ও রোকেয়া দিবস উপলক্ষে এই আলোচনা সভায় প্রধান বক্তা ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. আমাতুল লায়লা জামান।

ড. আমাতুল লায়লা জামান বলেন, 'পুরুষশাসিত এই সমাজে নারীর অর্থনৈতিক, আত্মিক ও মানসিক মুক্তির একমাত্র উপায় শিক্ষা। এর জন্যে যিনি লড়াই করেছেন, নিন্দিত হয়েছেন, নন্দিত হয়েছেন—তিনি বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন।' বেগম রোকেয়া নারীমুক্তির যে লড়াই শুরু করে গিয়েছিলেন সেই আদর্শে উজ্জীবিত হয়ে শিক্ষার্থীদের মুক্তচিন্তা চর্চার আহ্বান জানান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. পারভীন হাসান।

ওয়েবিনারে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ এবং সোশিওলজি ও জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. মালেকা বেগম। ওয়েবিনারে বেগম রোকেয়ার সাহিত্যকর্ম থেকে নির্বাচিত অংশ পাঠ করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নাফিসা তাবাসসুম ও আশনা মাহজাবিন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষক আসিফুন নাহার। ৯৩

এসব ওয়েবিনার সিডব্লিউইউ এবং দীপ্ত টিভির ফেসবুক নীড়পাতায় সরাসরি সম্প্রচার করা হয়

ওয়েবিনারে রেজওয়ানা চৌধুরী বন্যা ও আসাদুজ্জামান নূর

শিশুদের নৈতিক শিক্ষা বাড়াতে হবে

নিউজলেটার ডেস্ক ●

'আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস' উপলক্ষে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির যৌন হয়রানি প্রতিরোধ কমিটি ২৫ নভেম্বর ২০২০ এক ওয়েবিনারের আয়োজন করে। এতে অলোচক হিসেবে অংশ নেন সাবেক মন্ত্রী, অভিনেতা ও বর্তমান সংসদ সদস্য আসাদুজ্জামান নূর, অভিনয় শিল্পী ফেরদৌসী মজুমদার, রবীন্দ্রসঙ্গীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা, সঙ্গীতশিল্পী এলিটা করিম এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা।

নারী নির্যাতন প্রতিরোধ

ওয়েবিনারে আলোচকরা বলেন, নারী নির্যাতন রোধে শিশুদের নৈতিক শিক্ষা বাড়ানো প্রয়োজন। শুধু পড়াশোনার চাপে শিশুরা যান্ত্রিক হচ্ছে। এতে শিশুদের মানবিক গুণাবলি নষ্ট হচ্ছে। তাই নারী নির্যাতন রোধে নৈতিক শিক্ষা, সহশিক্ষা, সংস্কৃতি ও খেলাধুলায় ছেলেমেয়েদের অংশগ্রহণ বাড়াতে হবে।

সমাপনী বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. পারভীন হাসান বলেন, সাংসদরা ধর্মীয় শিক্ষার প্রতি জোর দিয়ে ধর্ষণ বন্ধ করতে চান। কিন্তু একজন হুজুরও ধর্ষক হয়। সবচেয়ে বেশি ধর্ষণ হয় চার দেয়ালের মধ্যে নিজের বাড়িতে, নিজের পরিবারের মানুষের দ্বারা যেটা গবেষণার মাধ্যমে প্রমাণিত। এজন্যে সংস্কৃতি চর্চার মাধ্যমে মানুষের ভেতরে বোধ জাগ্রত করতে হবে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ইলিয়াস আহমেদ। অনুষ্ঠান আয়োজনে সার্বিক তত্ত্বাবধান করেন অধ্যাপক ড. মালেকা বেগম। ওয়েবিনার সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের শিক্ষক আয়েশা আজিজ প্রভা। ৯৩

সাংবাদিকতা ও নারী

চ্যালেঞ্জের পাশাপাশি আছে সম্ভাবনাও

নিউজলেটার ডেস্ক ●

সাংবাদিকতা পেশা হিসেবেই চ্যালেঞ্জিং। নারীদের জন্য এ পেশাতেও বাধাবিপত্তি বেশি। তবে পরিস্থিতি যেভাবে বদলে যাচ্ছে, তাতে একদিন কাঙ্ক্ষিত পরিবর্তন আসবেই।

১৪ নভেম্বর ২০২০ সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগ আয়োজিত এক ওয়েবিনারে এ কথা বলেন লেখক ও উইমেননিউজ টোয়েন্টিফোর-এর সম্পাদক আইরীন নিয়াজী মান্না।


আইরীন নিয়াজী মান্না

ওয়েবিনারে পার্শ্ব আলোচক হিসেবে অংশ নেন দৈনিক আমাদের সময়-এর সাংবাদিক জাহাঙ্গীর সুর ও মাজেদুল হক তানভীর। ওয়েবিনার সঞ্চালনা করেন জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ (জেএমএস) বিভাগের শিক্ষক মাহমুদা কনা। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী এবং সাংবাদিকরা ওয়েবিনারে যোগ দেন।

'সাংবাদিকতায় নারীদের চ্যালেঞ্জ ও সম্ভাবনা : প্রেক্ষাপট বাংলাদেশ' শীর্ষক ওই ওয়েবিনারে স্বাগত বক্তব্যে সিডব্লিউইউ'র উপাচার্য অধ্যাপক ড. পারভীন হাসান বলেন, 'নারীদের জন্য চ্যালেঞ্জ সব জায়গায়। আর যেখানেই চ্যালেঞ্জ আছে, সেখানে সম্ভাবনাও অনেক। নারীরা পেশাগত চ্যালেঞ্জগুলো মোকাবিলা করেই এগিয়ে যাবেন।' ড. মালেকা বেগম বলেন, 'আমাদের পারিবারিক-সামাজিক পরিবেশের কারণে নারীদের শুধু সাংবাদিকতা নয়, সর্বত্রই সমস্যায় পড়তে হয়।'

এই ওয়েবিনারে আলোচনায় আরও অংশ নেন হাসান শিরাজী, মোছাঃ শাহনাজ পারভীন, জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের চেয়ারপারসন সজীব সরকার ও প্রভাষক হাসিনুস সাবাহ। ৯৩

আয়োজন ●

ওয়েবিনারটি দীপ্ত টেলিভিশনের সহায়তায় এই টিভি ও বিশ্ববিদ্যালয়ের ফেসবুক পীড়পাতায় সরাসরি সম্প্রচার করা হয়

বীরউত্তমের মুখে মুক্তিযুদ্ধের গল্প

নিউজলেটার ডেস্ক ●

বিজয় দিবস উদযাপন উপলক্ষে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির কালচারাল ক্লাব ১৬ ডিসেম্বর ২০২০ একটি ওয়েবিনারের আয়োজন করে। ওয়েবিনারে মূল বক্তা হিসেবে অংশ নিয়ে শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের অভিজ্ঞতা শোনান শামসুল আলম, বীরউত্তম।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ইলিয়াস আহমেদের শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে ওয়েবিনারটি শুরু হয়। এরপর বীরউত্তম শামসুল আলমের সংক্ষিপ্ত জীবনী তুলে ধরেন বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষক অমৃতা বিশ্বাস। এরপর 'অপারেশন কিলো ফ্লাইট—বীর উত্তম শামসুল আলমের অজানা কথা' শীর্ষক একটি প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। প্রায় ৪০ মিনিটের এই প্রামাণ্যচিত্রে উঠে আসে এক তরুণ সেনার বীর মুক্তিযোদ্ধা হয়ে ওঠার রোমাঞ্চকর গল্প। এরপর আলোচনায় শিক্ষার্থীদের প্রশ্নের উত্তরে বীরউত্তম শামসুল আলম বলেন, "অনেক সমালোচনা থাকতে পারে, না পাওয়া থাকতে পারে। তোমরা কখনো হতাশ হয়ো না। এমন সুন্দর একটা দেশ তোমাদের এনে দিতে পেরেছি, এই আমাদের প্রাপ্তি।"

ওয়েবিনারের সভাপ্রধান, সিডব্লিউইউর উপাচার্য অধ্যাপক ড. পারভীন হাসান বলেন, 'মুক্তিযোদ্ধা ও শহীদদের কথা সবসময় আলোচনায় এলেও বীরাঙ্গনাদের কথা আমরা তেমন

ওয়েবিনারে বীরউত্তম শামসুল আলম

একটা স্মরণ করি না।' সমাপনী বক্তব্যে ড. পারভীন হাসান এ সময় আশা প্রকাশ করেন, বীরাঙ্গনারা যথাযথ মর্যাদা নিয়ে বাঁচার মতো সুযোগ পাবেন—এমন একটা ব্যবস্থা অচিরেই হবে।

ওয়েবিনার সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষক আসিফ নাওয়াজ। ৯৩

সম্পাদকীয়

আলো আসবেই...

ভীষণ এক দুর্যোগকাল। করোনা ভাইরাসসৃষ্ট পরিস্থিতির কারণে দুর্বিষহ হয়ে উঠেছে জীবন। কিন্তু এমন পরিস্থিতিতে নিজেকে স্থবির করলে চলে না; দুর্যোগ মোকাবিলা করেই বেঁচে থাকতে শিখতে হয়। অসংখ্য-অজস্র বছরের বিবর্তনে একের পর এক দুর্যোগ মোকাবিলা করেই টিকে থাকতে শিখেছে মানুষ; এই মানুষ এমন দুর্যোগের কাছে এত সহজে পরাস্ত হয় না।

দীর্ঘ সময় ধরে ক্যাম্পাস বন্ধ; শিক্ষা কার্যক্রম চলছে প্রযুক্তির সহায়তায়। শিক্ষার্থী-শিক্ষক মুখোমুখি বসা হয় না, দেখা হয় না কতদিন! সবাই অধীর আগ্রহে অপেক্ষারত : কবে হবে দেখা!

আবারো দেখা নিশ্চয়ই হবে প্রিয় ক্যাম্পাসে; 'সামাজিক দূরত্বের' সীমা কাটিয়ে বন্ধুরা করবে একে অন্যকে আলিঙ্গন। আবারো সবাই আসবো নিবিড় সন্নিকটে; পরস্পরের উষ্ণ উপস্থিতিতে নিশ্চিত হবো : দারুণভাবে বেঁচে আছি, ভালো আছি!

সময় ছাড়া আর কোনোকিছুই নিশ্চিতভাবে স্থায়ী নয়। সুসময় নয়, দুঃসময়ও নয়। স্বাস্থ্য যেমন নয়, তেমনি ব্যাধিও নয়। তাই নিশ্চিতভাবেই ভালো সময় আবারো আসবে। তবে সেই সময়টি দ্রুত ফিরে পেতে হলে আমাদের সবাইকে অনেক বেশি সচেতন ও দায়িত্বশীল থাকতে হবে। পরিচ্ছন্ন থাকা, মাস্ক পরা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

আসন্নপ্রায় ভালো সময়টি উপভোগ করতে হলে শিক্ষার্থীদের এখন দরকার পড়াশোনা চালিয়ে যাওয়া। শিল্প-সাহিত্য চর্চা, বই পড়া, শরীরচর্চা ও স্বাস্থ্যকর খাদ্যাভ্যাসের মাধ্যমে শরীর ও মনকে সুস্থ রাখা খুব জরুরি। এই দুর্যোগকালে নিজের মনকে হতাশাগ্রস্ত হওয়ার সময় বা সুযোগ না দিয়ে বরং পারিবারিক-সামাজিক সম্পর্কগুলোর উন্নয়নে ব্যস্ত থাকা দরকার। পরিবারের বাড়তি যত্ন নিতে হবে; নিজেরও বাড়তি যত্ন নেওয়া চাই।

বিদ্যমান প্রতিকূল পরিস্থিতির কারণে কিছু সময় বিরতির পর আবারো প্রকাশিত হলো নিউজলেটার। এ উপলক্ষে সবার জন্যে রইল শুভকামনা।

আবারো দেখা হবে; শিক্ষার্থীদের কলরবে মুখরিত ক্যাম্পাসে ফিরবে পুরনো সেই মিলনমেলা।

সে পর্যন্ত সবাই সুস্থ থাকুন, নিরাপদে থাকুন। ৯৩

Newsletter Team

● *Advisors*

Dr. Perween Hasan
Vice-Chancellor

Elias Ahmed
Registrar

● *Editor*

Sajeeb Sarker

● *Co-Editor*

Md. Asif Nawaz

● *Members*

Amreta Biswas, Ayesha Aziz, Naznin Sultana, Mahmuda Akther Kona, Sharmin Akter, Md. Asfaq Ahmed Ananda

● *Member Secretary*

Md. Iqbal Imam

● *Publication Assistant*

Md. Azizul Hakim

● *Design and Make-up*

Jahangir Sur
Senior Sub-Editor
Daily Amader Shomoy